

গ্রামারিয়ানদের মতানৈক্য- একটি জিজ্ঞাসা

ইংরেজিতে feel, see, love, belong ইত্যাদি কতিপয় Verb-এর Continuous Tense-এ ব্যবহার সম্বন্ধে আমাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্য ইংরেজি গ্রামার ও ফাংশনাল ইংলিশ বইগুলোর সাথে অষ্টম শ্রেণীর পাঠ্য 'English For Today' বইটির বৈপরীত্য দেখে বিশেষজ্ঞদের অভিমত আহ্বান করে "একটি জিজ্ঞাসা" শিরোনামে লেখা আমার একটি চিঠি গত ফেব্রুয়ারি মাসে বিভিন্ন দৈনিকে (প্রথম আলো ২৮-১-৯৯; ভোরের কাগজ ৭-২-৯৯; ইত্তেফাক ৩-২-৯৯) প্রকাশিত হওয়ার পর দৈনিকগুলোর চিঠিপত্র কলামে (ভোরের কাগজ ২৩-২-৯৯; ইত্তেফাক ২৮-২-৯৯) এবং ব্যক্তিগত পত্রের মাধ্যমে যে জবাবগুলো এসেছে প্রায় সবকটিতেই মাইকেল সোয়ান: নেসফিন্ড, রেন এন্ড মার্টিন: থমসন এন্ড মার্টিনেট প্রভৃতি বিদেশী লেখকদের গ্রামার বইয়ের রফারেস দিয়ে শুধু বিশেষ বিশেষ ক্ষেত্রে উক্ত verb-গুলোর বিশেষত feel Verb-এর Continuous Tense-এ ব্যবহারের উদাহরণ দেয়া হয়েছে। কিন্তু তাতে আমার চিঠির মূল উদ্দেশ্য ও লক্ষ্য যে বাস্তব সমস্যাকে কেন্দ্র করে তার কোন সমাধান হয়নি অর্থাৎ দেশের লাখ লাখ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের বিভ্রান্তি দূর হয়নি বরঞ্চ উল্লিখিত জবাবের পর আরও জটিল হয়েছে; কারণ ৮ম শ্রেণীতে পাঠ্য 'English For Today' বইটিতে তারা পড়ছে এবং শিখছে- "This morning, Anwar is feeling nervous."-এ বাক্যে feel Verb-এর Continuous Tense-এ ব্যবহার (১ম পাঠের ১ম বাক্য)। কিন্তু একই সঙ্গে তাদের পাঠ্য গ্রামার ও ফাংশনাল ইংলিশ বইগুলোতে কি শিখছে এবং শিখানো হচ্ছে উক্ত Tense-এ উক্ত Verb-এর ব্যবহার সম্বন্ধে তা দেখুন-

(১) জনাব কলিমদাদ খান প্রণীত ৭ম-৮ম শ্রেণীর পাঠ্য "A Book of Grammar, Translation & Composition", '৯৭ সংস্করণ, পৃ: ১১৯-১২০-তে 'Uses of Tenses' শীর্ষক নিয়মটিতে বলা হয়েছে- "Love, feel, ... প্রভৃতি Verb Present Continuous Tense না হয়ে Present Indefinite Tense হয়।" যথা :

"Inc. I am feeling unwell today." (অতর্ক)

"Cor. I feel unwell today." (তর্ক) ইত্যাদি।

(২) জনাব জয়নাল আবেদীন চৌধুরী প্রণীত, ৯ম-১০ম শ্রেণীর পাঠ্য '৯৭ সংস্করণ, পৃ: ১০৯-১১০-তে উপরোক্ত নিয়মটি দিয়ে একই উদাহরণ দেয়া

হয়েছে। যথা :


"Inc. I am feeling unwell." (অতর্ক)

"Cor. I feel unwell." (তর্ক) ইত্যাদি।

(৩) প্রফেসর জাহানারা বেগম, B.A. (Hons.), M.A. (Eng): Dip-in-T.E.F.L. (Sydney University, Australia) প্রণীত, ১১শ-১২শ শ্রেণীর পাঠ্য 'Modern Functional English', সংস্করণ '৯১; পৃ: ৫৩-তে "Note" দিয়ে নিয়মটি সরাসরি লিখা আছে- "Love, feel, hope, ... ইত্যাদি Verb-এর Present continuous Tense হয় না।" যথা :

"Inc. I am feeling out of sorts today." (অতর্ক)

"Cor. I feel out of sorts today." (তর্ক) ইত্যাদি।



এখন দেখা যাক, বিদেশী বইগুলোর রেফারেন্স কি?

(১) অক্সফোর্ড ইংরেজি বিশেষজ্ঞ মাইকেল সোয়ান প্রণীত 'Basic English Usage' বইটির ১০২-১০৩ পৃষ্ঠায় feel verb-এর ব্যবহার প্রসঙ্গে ১২৮ নং আইটেমের ৪নং সাব আইটেমে বলা হয়েছে- "কোন ব্যক্তির অভ্যন্তরীণ অনুভূতি ব্যক্ত করার ক্ষেত্রে কন্টিনিউয়াস ফর্ম ব্যবহার করা যেতে পারে।" যথা : "I am feeling fine." ইত্যাদি (ইত্তেফাক ২৮-২-৯৯)। কিন্তু নেসফিন্ড, রেন এন্ড মার্টিন প্রণীত 'Applied English Grammar & Composition', '৯৭ সংস্করণ, পৃ: ১২৬-এ আছে- "আমি খুব শীত অনুভব করিতেছি/করছি- 'I feel very cold.'" এখানে তো অভ্যন্তরীণ অনুভূতি (খুব শীত) ব্যক্ত হওয়া সত্ত্বেও Continuous Tense হলো না।

আবার আরেকটি বিশেষ ক্ষেত্রে বৈপরীত্য দেখুন 'স্পর্শ' (touch) অর্থে

feel verb-এর Continuous Tense হয় বলা হয়েছে। Thomson & Martinet প্রণীত 'A Practical English Grammar' বইটির উদাহরণ : "The doctor was feeling her pulse." (জনাব সোহেল, ১৩/৩, বিএএফ, কুমিল্লা, ঢাকা থেকে প্রেরিত ব্যক্তিগত পত্র)। কিন্তু রেন এন্ড মার্টিনের উপরোক্ত বইয়ের ১২৬ পৃষ্ঠায় প্রদত্ত একটি উদাহরণ হচ্ছে- "আমি তাহার (তার) নাড়ি দেখিতেছি/দেখছি- I feel his pulse." এরূপ বৈপরীত্য কেন?

এভাবে গ্রামারের গুরুত্ব, বিষয় Tense-এর ক্ষেত্রে দেশী-বিদেশী গ্রামারিয়ানদের পরস্পর বিরোধী উৎস অস্পষ্ট বিভ্রান্তিপূর্ণ বক্তব্য আমাদের লাখ লাখ কোমলমতি শিক্ষার্থীর বিভ্রান্তি দূরীকরণে ইংরেজি বিশেষজ্ঞদের বিনীত আহ্বান জানিয়েছিলাম আমার "একটি জিজ্ঞাসা" শীর্ষক উপরিউক্ত চিঠিতে। বিনিময়ে সোহেল ব্যতীত অন্যদের জবাবে আমাকে প্রতিপক্ষ হিসেবে বিবেচনা করা হয়েছে। তাতে আলোচ্য গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষার্থীদের বিভ্রান্তি বেড়েছে। গভঃ সারদা সুন্দরী কলেজের ইংরেজি বিভাগের সহ-অধ্যাপক জনাব এম. এ খলেক কতগুলো

বিদেশী বইয়ের শুধু নাম উল্লেখ করেই আলোচ্য বিষয়ে আমাদের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক স্তরে পাঠ্য গ্রামার বইয়ে এবং বিদেশী বইয়ে কোথায় কি বৈপরীত্য আছে সে সম্বন্ধে ভালভাবে না জেনে তার ভাষায় "পত্রলেখকের (আমার) দীর্ঘদিনের বিশ্বাস" এবং আমার চিঠিতে উল্লিখিত 'নেসফিন্ড, রেন এন্ড মার্টিন' প্রণীত '৯৫ সংস্করণ-এর উক্তটি '৯৭ সংস্করণের ১২৬ পৃষ্ঠার দোহাই দিয়ে বিরোধিতা করে মন্তব্য দিয়ে (ভোরের কাগজ ২৩-২-৯৯) লাখ লাখ শিক্ষার্থীর বাস্তব সমস্যাটি এড়িয়ে গিয়ে ইংরেজির একজন অধ্যাপক হিসেবে নিজের দায়িত্ব শেষ করেছেন। অপরদিকে, দু'বাই থেকে জনাব ইলিয়াস আহমদ (ইত্তেফাক ২৮-২-৯৯) ২টি বিদেশী বই থেকে বেছে বেছে কয়টি বিশেষ উদাহরণ তুলে দিয়ে বাস্তবে না গিয়ে তার ভাষায় "উক্ত (আমার) পত্রের দ্বারা যে ভুল প্রচার ঘটানো গিয়াছে" এবং "ছাত্র-অভিভাবক মহলের মধ্যে যে ভ্রান্তির সৃষ্টি হইয়াছে" বলে অনর্থক মন্তব্য দিয়ে ছাত্র-অভিভাবকদের ভ্রান্তি কে বা কারা সৃষ্টি করছেন তা উপলব্ধি করার জন্য উপরোক্ত আলোচনাটি মনোযোগ দিয়ে

পড়তে তাকে অনুরোধ করছি। আমার গত চিঠিতেও উল্লেখ করেছি- আমি একজন গণিত শিক্ষক, ইংরেজি বিশেষজ্ঞ নই। তবে সমস্যাটি সম্পর্কে সচেতন বিধায় আমি একজন শিক্ষক-অভিভাবক হিসেবে দেশের লাখ লাখ ইংরেজি ভীত শিক্ষার্থীদের কল্যাণে বক্ষমান আলোচনাটি আরও বিস্তারিতভাবে, সুনির্দিষ্টভাবে জাতীয় স্বার্থে তুলে ধরলাম।

বি. এম. দে.
সহকারী অধ্যাপক
গণিত বিভাগ
কুমিল্লা সরকারি কলেজ
কুমিল্লা।